

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
প্রশিক্ষণ ও শারীরিক শিক্ষা শাখা
গাইড হাউস(৭ম ও ১০ম তলা)নিউ বেইলী রোড, ঢাকা
www.dme.gov.bd



স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০৬.০৪.০০৬.১৭.৩২

তারিখ: ২৫ মাঘ ১৪২৯

০৮ ফেব্রুয়ারি ২০২৩

বিষয়: বাংলাদেশ মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট (BMTTI)-এ আয়োজিত ৮০তম শিক্ষা প্রশাসন ও ব্যবস্থাপনা আবাসিক প্রশিক্ষণ কোর্সের জন্য ৪৫ জন এবতেদায়ী প্রধানের তালিকা অনুমোদন প্রসঙ্গে।

- সূত্র: (১) বিএমটিআই'র স্মারক নং-বিএমটিআই/২৩০/মাশিঅ/প্রশা: /২০১৬/১৬০৩; তারিখ: ০১/১২/২০২২ খ্রি.
(২) ডিএমই'র স্মারক নং-৫৭.২৫.০০০০.০০৬.০৪.০০২.১৭-১৯৬; তারিখ: ০৮/১২/২০২২ খ্রি.
(৩) টিএমইডি'র স্মারক নং-৫৭.০০.০০০০.০৫৫.৬৩.০০২.২১-১৭২; তারিখ: ০১/০১/২০২৩ খ্রি.

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সূত্রোক্ত ১নং স্মারকে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট কর্তৃক আয়োজিত ২৬ ফেব্রুয়ারি থেকে ০৯ মার্চ ২০২৩ পর্যন্ত মোট ১২ দিনের ৮০তম শিক্ষা প্রশাসন ও ব্যবস্থাপনা আবাসিক প্রশিক্ষণ কোর্সে অতিরিক্ত ০৫ জনসহ ৪৫ জন এবতেদায়ী প্রধানের তালিকা প্রেরণের জন্য অনুরোধ জানানো হয়। কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের সূত্রোক্ত ৩নং স্মারকের মাধ্যমে উল্লেখিত কোর্সের অনুমোদন রয়েছে। এমতাবস্থায়, ৮০তম শিক্ষা প্রশাসন ও ব্যবস্থাপনা আবাসিক প্রশিক্ষণ কোর্সে ৪৫ জন এবতেদায়ী প্রধানের মনোনীত তালিকা সংযুক্ত করে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে প্রশিক্ষণ ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

ক) প্রশিক্ষণ চলাকালীন প্রশিক্ষণার্থীগণের তালিকা আবশ্যিকভাবে MEMIS সফটওয়্যারের ডাটাবেইজে এন্ট্রি নিশ্চিত করতে হবে। ব্যত্যয় ঘটলে অধ্যক্ষ বিএমটিআই দায়ী থাকবেন;

খ) মনোনীত শিক্ষকগণের মধ্যে অনুপস্থিতির তালিকা মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং: ৫৭.২৫.০০০০.০০৬.০৯.০০১.২১.৩৫; তারিখ: ২০/০৫/২০২১খ্রি.-এ বর্ণিত ছকে কোর্স সমাপ্তির ৭ (সাত) দিনের মধ্যে Compliance Report প্রেরণ করতে হবে এবং একই সাথে পরবর্তী কোর্স শুরু হওয়ার পূর্বে MEMIS সফটওয়্যারের ডাটাবেইজে এন্ট্রির তথ্য প্রেরণ করতে হবে;

গ) প্রয়োজনে মোবাইলে/ব্যক্তিগতভাবে যোগাযোগপূর্বক প্রেরিত তালিকা অনুযায়ী সকল প্রশিক্ষণার্থীর উপস্থিতি নিশ্চিত করতে হবে;

ঘ) যুক্তিসংগত ও গ্রহণযোগ্য কারণ ব্যতীত মনোনীত শিক্ষকগণ প্রশিক্ষণে অনুপস্থিত থাকলে তা সভাপতি/ প্রতিষ্ঠান প্রধানের অসদাচরণ হিসেবে বিবেচিত হবে।

সংযুক্তি: ১। বিএমটিআই'র প্রস্তাব- ১ ফর্দ।

২। টিএমইডির অনুমোদন পত্র- ২ ফর্দ।

৩। প্রশিক্ষণার্থীর তালিকা- ২ ফর্দ।

৮-২-২০২৩

মোঃ জিয়াউল আহসান

পরিচালক

অধ্যক্ষ

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট
বোর্ডবাজার, গাজীপুর

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০৬.০৪.০০৬.১৭.৩২/১(৬)

তারিখ: ২৫ মাঘ ১৪২৯
০৮ ফেব্রুয়ারি ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সিনিয়র সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, ঢাকা
- ২) যুগ্মসচিব (মাদ্রাসা), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, ঢাকা।
- ৩) পরিচালক (প্রশাসন ও অর্থ) এবং PD, মেমিস, মাশিঅ। টিএমইডি'র নির্দেশনা অনুযায়ী প্রশিক্ষণার্থীদের তালিকা MEMIS সফটওয়্যারের Database-এ এন্ট্রি নিশ্চিতকরণের অনুরোধসহ।
- ৪) উপ-পরিচালক (প্রশাসন), মাশিঅ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৫) সভাপতি/অধ্যক্ষ/সুপার---মাদ্রাসা, বর্ণিত তালিকার শিক্ষকগণকে প্রশিক্ষণে অংশগ্রহণ নিশ্চিত করার অনুরোধসহ
- ৬) মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।



৮-২-২০২৩

মোঃ সুলতান আহমেদ
সহকারী পরিচালক